

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৫.২০- ২৪৭

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৭
২৩ সেপ্টেম্বর ২০২০

প্রজ্ঞাপন


যেহেতু, ডা: বিলকিস পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে অভিযোগ হচ্ছে যে তিনি, তার কর্মস্থলে অবস্থান করেন না, নিয়মিত অফিসে আসেন না এবং তার উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করেন না। তিনি তার উপজেলার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করেন না। বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহণেচ্ছুক সেবা না পেয়ে ফেরৎ যান। ৩০ ডিসেম্বর ২০১৭ হতে ০৪ জানুয়ারি ২০১৮ পর্যন্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন ৩১/১২/২০১৭ তারিখে আড়াইহাজার উপজেলা কমপ্লেক্সে স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতির ক্যাম্প নির্ধারিত ছিল। সেখানে তিনি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং সে কারণে সেবা সপ্তাহের কার্যক্রম ব্যাহত হয় বিধায় উল্লিখিত অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়।

২। যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন। গত ১৬/০৯/২০২০ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তিনি জবাবে ও শুনানিতে বিভাগের বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের কথা উল্লেখ করেছেন এবং বিলম্ব ও অনুপস্থিতির ব্যাখ্যা দাখিল করেছেন। এছাড়া, তার শারীরিক অসুস্থতার কথা উল্লেখ করেছেন। তিনি ২/১দিন অফিসে উপস্থিত হতে পারেননি মর্মে স্বীকারও করেছেন। ভবিষ্যতে তিনি আর বিলম্ব করবেন না ও অনুপস্থিত থাকবেন না মর্মে অঙ্গীকার করেছেন এবং ক্ষমা প্রার্থনা করে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতির প্রার্থনা করেছেন।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডা: বিলকিস পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), আড়াইহাজার, নারায়ণগঞ্জ- এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি ৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগ আনয়ন করা হয়েছে এবং যেহেতু তিনি নি:শর্ত ক্ষমা প্রার্থনা করেছেন এবং মামলার দায় থেকে অব্যাহতি প্রার্থনা করেছেন।

৪। সেহেতু, সার্বিক বিষয় বিবেচনা করে ডা: বিলকিস পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), আড়াইহাজার, নারায়ণগঞ্জ-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে অভিযোগের দায় থেকে অব্যাহতি দেয়া হলো। মামলা নিষ্পত্তি করা হলো।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



২৩/৯/২০
(মোঃ আলী নূর)
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩৫.২০- ১৪৭

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৭
২৬ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।
- ৪। উপসচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
- ৭। উপপরিচালক (শৃঙ্খলা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
- ৮। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ।
- ১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর উপজেলা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ইমেইলে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। ডা: বিলকিস পারভীন, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), আড়াইহাজার, নারায়ণগঞ্জ।


২৬/০৯/২০২০
(উম্মে কুলসুম)
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬
Email: disc1@mefwd.gov.bd